গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
রোগ নিয়ন্ত্রণ শাখা, ঢাকা।

কোভিড-১৯ (নিশ্চিত বা সন্দেহজনক) রোগে মৃত ব্যক্তির দাফন-কাফন এর ফ্লো-চার্ট

কোভিড-১৯ (নিশ্চিত বা সন্দেহজনক) রোগে ব্যক্তির মৃত্যু সংবাদ

জেলা বা উপজেলা কোভিড-১৯ নিয়ন্ত্রণ কমিটির সাথে যোগাযোগ

দাফন-কাফনের জন্য টিমকে প্রস্তুত করা ও প্রয়োজনীয় সরঞ্জামসহ সরবরাহ করা

মৃত ব্যক্তির আত্মীয়, স্থানীয় ধর্মীয় নেতা ও প্রশাসনের সাথে দাফন-কাফন এর ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা করা

মৃতদেহ ব্যবস্থাপনার জন্য নির্ধারিত ব্যক্তিদের ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পরিধান করা, মৃত ব্যক্তির ঘরে প্রবেশ করা ও জীবানুনাশক ছিটানো

ন্যূনতম ৫ ফিট গভীরতার কবর খনন করা ও দাফনের অন্যান্য সরঞ্জাম প্রস্তুত করা

ক্যানুলা ও চিকিৎসার কাজে ব্যবহৃত যাবতীয় নল খোলা ও শরীরের সকল গহবরের মুখে তুলা প্রবেশ করে বন্ধ করা।

জীবানুনাশক ছিটিয়ে/ সাবান পানি দিয়ে গোসল অথবা তায়াম্মুম করানোএবং কাফনের কাপড পরানো

কাফনের কাপড়সহ মৃত ব্যাক্তিকে বডি ব্যগে স্থাপন করা বা সাদা পলিথিনে মোড়ানো

সামাজিক দূরত্ব (১ মিটার) রক্ষা করে জানাজার নামাযে সীমিত সংখ্যক লোক অংশগ্রহন করবেন এবং ধর্মীয় নিয়মে দাফন কার্য সম্পন্ন করবেন

দাফন-কাফন সম্পন্ন করার পর ব্যবস্থাপনায় অংশগ্রহণকারীগণ সাবান-পানি দিয়ে গোসল করবেন ও নিয়মানুযায়ী বর্জ্যব্যবস্থাপনা করবেন (পিপিই হলে পুড়িয়ে ফেলবেন অথবা ব্যক্তিগত পরিধেয় কাপড় কমপক্ষে ৩০ মিনিট কুসুম গরম সাবান-পানিতে ডুবিয়ে তারপর ধুয়ে ফেলবেন)

বিশ্বস্বাস্থ্য সংস্থা অনুযায়ী মৃতব্যক্তি থেকে কোভিড-১৯ ছড়ানোর কোন ইতিহাস নেই। যেহেতু এটি একটি নতুন ভাইরাস সেহেতু দাফন-কাফনের ক্ষেত্রে যথা সম্ভব সতার্কতা অবলম্বন করতে হবে। উল্লেখ থাকে যে, মৃত ব্যক্তি মৃত্যুর পূর্ববর্তী ১৪ দিনের মধ্যে যাদের ঘনিষ্ঠ সংস্পর্শে ছিলেন তাদের মাঝে কোভিড ১৯ এর রোগী থাকতে পারে, যার কাছ থেকে রোগের বিস্তার ঘটতে পারে।

ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের ঘাটতি থাকলে স্থানীয় লাগসই প্রযুক্তি ব্যবহার করে মৃত ব্যক্তির দাফন-কাফন সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে বিলম্ব করা অনুচিত।

বডিব্যাগ এর পরিবর্তে সাদা পলিথিন ব্যবহার করা যেতে পারে।